



## মাদক ছাড়ুন যেকোনো কিছুর বিনিময়ে: পাটওয়ারী



নাসিরুদ্দিন পাটওয়ারী। ছবি: সংগৃহীত

ঢাকা-৮ কে মাদকমুক্ত করার অঙ্গীকার পাটওয়ারীর

ঢাকা-৮ আসনকে মাদকমুক্ত করার ঘোষণা দিয়েছেন এনসিপি ও ১১ দলীয় জোটের প্রার্থী নাসীরুদ্দিন পাটওয়ারী। লিফলেট বিতরণ কর্মসূচিতে তিনি বলেন, কর্মীদের মাদক ও সহিংসতা থেকে দূরে রাখতে হবে, নইলে এর ক্ষতি শেষ পর্যন্ত সবার ওপরই পড়ে।

তিনি অভিযোগ করেন, এলাকায় এক প্রভাবশালী ব্যক্তির ছত্রছায়ায় মাদক ছড়াচ্ছে এবং তার প্রচারসামগ্রী রাতের আঁধারে নষ্ট করা হচ্ছে। নির্ধারিত সীমার বাইরে বিলবোর্ড ব্যবহারের বিষয়েও প্রশ্ন তোলেন তিনি।

পাটওয়ারী জানান, ক্রাউড ফান্ডিংয়ের টাকায় সীমিত প্রচার চালাচ্ছেন তারা। নারীদের ওপর হামলার অভিযোগ ভুলে তিনি শান্তিপূর্ণ ও সুষ্ঠু নির্বাচন নিশ্চিত করতে সবার ঐক্য কামনা করেন।

LENS ASIA